# 2020

## PHILOSOPHY — HONOURS

### Eighth Paper

### Full Marks : 100

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

### Group - A

### (Vedāntasāra)

***১নং প্রশ্ন*** আবশ্যিক এবং ***ইউনিটগুলি*** থেকে আরও ***দুটি*** প্রশ্নের উত্তর দাও।

১। ***যে-কোনো তিনটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ১২×৩

(ক) 'উপনিষদ' পদটির তাৎপর্য ও ব্যুৎপত্তি নির্ণয় করো।

(খ) ভাগ লক্ষণার স্বরূপ ব্যাখ্যা করো।

(গ) অবস্তু বলতে কী বোঝো?

(ঘ) প্রাজ্ঞচৈতন্য ও ঈশ্বরচৈতন্যের সম্বন্ধে সংক্ষেপে বর্ণনা করো।

(ঙ) উপাসনা কাকে বলে? উপাসনার প্রয়োজন কী?

(চ) কোন তাৎপর্যে অজ্ঞানকে যুগপৎ এক ও অনেক বলা হয়?

(ছ) বেদান্তসার অনুসরণে মনন কাকে বলে?

(জ) সাধন চতুষ্টয় বলতে কী বোঝো?

### ইউনিট - ১

২। অনুবন্ধ কাকে বলে? অনুবন্ধগুলির ব্যাখ্যা দাও। এই প্রসঙ্গে সাধন চতুষ্টয়ের স্বরূপ ব্যাখ্যা করো। ৪+৮+২০

৩। ব্যষ্টি অজ্ঞান ও সমষ্টি অজ্ঞানের পার্থক্য সবিশদ ব্যাখ্যা করো। ৩২

৪। (ক) নিত্য কর্ম, নৈমিত্তিক কর্ম, কাম্য কর্ম ও নিষিদ্ধ কর্ম কাকে বলে?

(খ) প্রত্যেক প্রকার কর্মের প্রয়োজন ব্যাখ্যা করো ও এই কর্মগুলির মধ্যে কোনগুলি মুক্তির সহায়ক তা যুক্তিসহ আলোচনা করো। ১৬+১৬

### ইউনিট - ২

৫। (ক) চৈতন্য কীভাবে যুগপৎ জগতের নিমিত্ত ও উপাদান কারণরূপে গণ্য হয়? বেদান্তসার অনুসরণে দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো।

(খ) এই প্রসঙ্গে পরিণাম ও বিবর্তের পার্থক্য নিরূপণ করো। ২০+১২

৬। সূক্ষ্মশরীর কী? বেদান্তসার অনুসরণে হিরণ্যগর্ভ ও তৈজসের স্বরূপ ব্যাখ্যা করো। ৮+২৪

### ইউনিট - ৩

৭। আত্মা প্রসঙ্গে মীমাংসকদের মতবাদ ব্যাখ্যা করো। অদ্বৈতবেদান্তীগণ কীরূপে মীমাংসকমত খণ্ডন করেছেন তা আলোচনা করো। ১৬+১৬

৮। স্থূল শরীরের বিভিন্ন প্রকারগুলি কী কী? এই প্রসঙ্গে বেদান্তসার অনুসরণে বিরাট ও বিশ্বের স্বরূপ বর্ণনা করো। তারা কীভাবে সম্বন্ধযুক্ত? ৮+১৬+৮

৯। মহাবাক্য কী? বেদান্তসার অনুসরণে 'অহং ব্রহ্মাস্মি'— এই মহাবাক্যটির বিশদ ব্যাখ্যা করো। ৮+২৪

### ইউনিট - ৪

১০। নির্বিকল্পক সমাধির প্রতিবন্ধকগুলি ব্যাখ্যা করো। এই প্রতিবন্ধকতা কীরূপে নিরাকরণ করা সম্ভব?— বেদান্তসার অনুসারে আলোচনা করো। ১৬+১৬

১১। জীবন্মুক্তের লক্ষণ কী? বেদান্তসার অনুসরণে জীবন্মুক্তের অবস্থা বিশদভাবে আলোচনা করো। ৮+২৪

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

### Group - A
### (Vedāntasāra)

***Question no.* 1** is compulsory. Answer any other ***two*** questions from the ***Units***.

**1.** Answer ***any three*** questions : 12×3

(a) Determine the significance and etymology of the term '*Upaniṣad*'.

(b) Explain the nature of *bhāga-lakṣaṇā.*

(c) What is meant by *avastu*?

(d) Explain in brief the relation between *prājñacaitanya* and *Īśvaracaitanya*.

(e) What is called *upāsanā*? What is the necessity of *upāsanā*?

(f) What is the implication of describing *Ajñana* both as one and many?

(g) What is meant by *manana* according to Vedāntasāra?

(h) What do you understand by '*Sādhanacatuṣtaya*'?

### Unit - 1

**2.** What is *Anubandha*? Explain all anubandha's. In this contexts, explain the nature of *sādhanacaṭuṣtaya*. 4+8+20

**3.** Explain the distinction between *Vyaṣtiajñāna* and *Samastiajñāna*. 32

**4.** (a) What are *nitya karma*, *naimittika karma*, *kāmya karma* and *niṣiddha karma*?

(b) Explain the necessity of each kind of *karma* and discuss with reasons which among these are conducive to liberation (*mukti*)? 16+16

**Unit - 2**

**5.** (a) How is caitanya regarded as both *upādāna kāraṇa* and *nimitta kāraṇa* of the world? Explain with illustration following Vedāntasāra.

(b) In this context distinguish between *pariṇāma* and *vivarta*. 20+12

**6.** What is *sūkṣmaśarīra*? Explain the nature of *Hiraṇyagarbha* and *taijaṣa* following Vedāntasāra. 8+24

**Unit - 3**

**7.** Explain the Mimāṃsaka view of self. How do the Advaita Vedāntins refute their view? Discuss. 16+16

**8.** What are the different kinds of *sthūla śarīra*? In this context discuss the nature of *virāta* and *viṣva*. How are they related? 8+16+8

**9.** What is *Mahāvākya*? Explain elaborately the mahāvākya '*Ahaṁ Brahmāsmi*'. 8+24

**Unit - 4**

**10.** Explain the obstacles of *nirvikalpaka samādhi*. How can these obstacles be removed? Discuss after Vedāntasāra. 16+16

**11.** What are the characteristic features of *jivanmukta*? Discuss fully the state of *jivanmukta* after Vedāntasāra. 8+24

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

**Group - B**

**(An Enquiry Concerning Human Understanding)**

***১নং প্রশ্ন*** আবশ্যিক এবং ***ইউনিটগুলি*** থেকে আরও ***দুটি*** প্রশ্নের উত্তর দাও।

১। ***যে-কোনো তিনটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ১২×৩

(ক) হিউম 'সত্য অধিবিদ্যা' এবং 'মিথ্যা অধিবিদ্যা' বলতে কী বুঝিয়েছেন?

(খ) "সর্বাপেক্ষা সজীব চিন্তাও নিস্তেজ সংবেদনের চাইতে নিকৃষ্ট মানের হয়"— ব্যাখ্যা করো।

(গ) হিউম কীভাবে বাস্তব সত্য বিষয়ক বচন ও ধারণার সম্বন্ধ বিষয়ক বচনের মধ্যে পার্থক্য করেছেন?

(ঘ) উপলক্ষ্যবাদ সম্পর্কে হিউমের অভিমত সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) হিউম 'কারণে'র যে-দুটি লক্ষণ দিয়েছেন তা উল্লেখ করো।

(চ) প্রথা বলতে হিউম কী বুঝিয়েছেন?

(ছ) স্বাধীনতা বলতে হিউম কী বুঝিয়েছেন? সংক্ষেপে আলোচনা করো।

(জ) পূর্বগামী ও অনুগামী সংশয়বাদের মধ্যে পার্থক্য করো।

## ইউনিট - ১

২। (ক) দুর্বোধ্য দর্শন বলতে হিউম কী বুঝিয়েছেন?

(খ) দুর্বোধ্য দর্শনের বিরুদ্ধে হিউম যে আপত্তিগুলি উপস্থাপিত করেছেন সেগুলি আলোচনা করো। ৮+২৪

৩। হিউমের মতে 'অনুষঙ্গ নীতি' কী? এই নীতিগুলি কয়প্রকার তা উদাহরণসহ আলোচনা করো। আমাদের সমস্ত সৃষ্টিমূলক চিন্তার ক্ষেত্রে অনুষঙ্গ নীতিগুলি কীভাবে কাজ করে? ৬+১০+১৬

## ইউনিট - ২

৪। (ক) বাস্তব ঘটনাবিষয়ক যুক্তি সম্পর্কে হিউমের মত ব্যাখ্যা করো।

(খ) তুমি কি হিউমের মত সমর্থন করো? উত্তরের সমর্থনে যুক্তি দাও। ২০+১২

৫। হিউম কীভাবে দেখিয়েছেন যে কারণ ও কার্যকে বিচারবুদ্ধির সাহায্যে নয়, অভিজ্ঞতার দ্বারাই আবিষ্কার করা যায়? আলোচনা করো। ৩২

৬। সম্ভাব্যতা সম্বন্ধে হিউমের অভিমত আলোচনা করো। ৩২

## ইউনিট - ৩

৭। "অধিবিদ্যায় যে-ধারণাগুলি ব্যবহার হয়, সেগুলির মধ্যে ক্ষমতা, বল, শক্তি বা অনিবার্য সম্পর্কের চেয়ে দুর্বোধ্যতর এবং অনিশ্চিত ধারণা আর নেই...", হিউম কীভাবে তাঁর দর্শনে এই মত প্রতিষ্ঠিত করেছেন? আলোচনা করো। ৩২

৮। (ক) মনুষ্যেতর প্রাণীর বিচারবুদ্ধি ও শিক্ষণের বিষয়ে হিউমের অভিমত বর্ণনা করো।

(খ) এই প্রসঙ্গে মানুষ এবং মনুষ্যেতর প্রাণীর বিচারবুদ্ধির মধ্যে পার্থক্য ব্যাখ্যা করো। ২০+১২

## ইউনিট - ৪

৯। 'অলৌকিক ঘটনা' বলতে হিউম কী বুঝিয়েছেন? অলৌকিক ঘটনার সম্ভবপরতা সম্পর্কে হিউমের মতবাদ ব্যাখ্যা করো। ৮+২৪

১০। ধর্মীয় প্রকল্প জগতের ব্যাখ্যা করার জন্য কি পর্যাপ্ত? হিউমকে অনুসরণ করে আলোচনা করো। ৩২

১১। (ক) চূড়ান্ত সংশয়বাদ কী?

(খ) হিউম কেন এ জাতীয় সংশয়বাদকে সমর্থন করেন না?

(গ) এই প্রসঙ্গে হিউমের সংযত সংশয়বাদ আলোচনা করো। ৮+৮+১৬

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

### Group - B

### (An Enquiry Concerning Human Understanding)

***Question no.*** **1** is compulsory. Answer any other ***two*** questions, from the ***Units***.

**1.** Answer ***any three*** questions : 12×3

(a) What does Hume mean by 'true metaphysics' and 'false metaphysics'?

(b) "The most lively thought is still inferior to the dullest sensation."— Explain.

(c) How does Hume distinguish between properties regarding matter of facts and proposition regarding relation of ideas?

(d) Discuss in brief Hume's view regarding occasionalism.

(e) Give two definitions of 'cause' as formulated by Hume.

(f) What does Hume mean by custom?

(g) What does Hume mean by 'Liberty'? Discuss in brief.

(h) Distinguish between antecedent and concequent scepticism.

### Unit - 1

**2.** (a) What does Hume mean by 'abstruse philosophy'?

(b) Discuss the arguments advanced by Hume against abstruse philosophy. 8+24

**3.** What according to Hume, is 'law of association'? Discuss with example its different types. How do the laws of association work behind all our creative thoughts? 6+10+16

### Unit - 2

**4.** (a) Explain Hume's view regarding reasonings concerning matters of fact.

(b) Do you support Hume's view? Justify your answer. 20+12

**5.** How does Hume show that causes and effects are discoverable not by reason but by experience? Discuss. 32

**6.** Discuss Hume's view on probability. 32

### Unit - 3

**7.** "There are no ideas which occur in metaphysics, more obscure and uncertain than those of power, force, energy or necessary connection ...." How does Hume establish this view in his philosophy? Discuss. 32

**Please Turn Over**

**8.** (a) Describe Hume's view regarding animal reasoning and learning.

(b) Explain in this connection the difference between human and animal reasoning. 20+12

**Unit - 4**

**9.** What does Hume mean by 'miracle'? Explain Hume's view regarding the possibility of miracles. 8+24

**10.** Is religious hypothesis sufficient to explain the universe? Discuss after Hume. 32

**11.** (a) What is excessive scepticism?

(b) Why Hume does not support this kind of scepticism?

(c) Discuss in this context Hume's mitigated scepticism. 8+8+16

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

**Group - C**

**(Problems of Philosophy)**

***১নং প্রশ্ন*** আবশ্যিক এবং ***ইউনিটগুলি*** থেকে আরও ***দুটি*** প্রশ্নের উত্তর দাও।

১। ***যে-কোনো তিনটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ১২×৩

(ক) অস্তিত্ব ও অববর্তিতার মধ্যে পার্থক্য করো।

(খ) দেকার্তের নিয়মানুগ সংশয় পদ্ধতি ব্যাখ্যা করো।

(গ) রাসেলের মতে ব্যুৎপত্তিগত জ্ঞান বলতে কী বোঝায়?

(ঘ) 'প্রকৃতির একরূপতা'য় বিশ্বাস করার কি কোনো যুক্তি রয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

(ঙ) সত্যের স্বরূপ সম্বন্ধিত কোনো তত্ত্বকে কোন কোন শর্ত পূরণ করতে হয়?

(চ) কান্ট কীভাবে স্বরূপ-সত্তা এবং অবভাসের মধ্যে পার্থক্য করেছিলেন?

(ছ) 'ভাববাদ' বলতে কী বোঝো?

(জ) যৌক্তিক বচন ও শুদ্ধ গাণিতিক বচনের প্রকৃতি সম্পর্কে রাসেলের অভিমত আলোচনা করো।

**ইউনিট - ১**

২। "চিত্রকর জানতে চান বস্তু কীরূপে প্রতিভাত হয়, ব্যবহারিক বুদ্ধিসম্পন্ন মানুষ আর দার্শনিক জানতে চান বস্তু প্রকৃতপক্ষে কী?" উপরোক্ত উক্তির আলোর অবভাস ও সত্তা সম্পর্কে রাসেলের মত ব্যক্ত করো। ৩২

৩। ইন্দ্রিয়-উপাত্ত অতিরিক্ত জড়বস্তুর অস্তিত্বের সপক্ষে রাসেল কী কী যুক্তি দিয়েছেন? তার এই যুক্তিগুলি কতদূর গ্রহণযোগ্য? ২০+১২

**ইউনিট - ২**

৪। ‘ধারণা’ শব্দটিকে বার্কলের অর্থে গ্রহণ করলে যখনই মনের সামনে কোনো ধারণা উপস্থিত হবে তখন দুটি ভিন্ন বিষয় বিবেচনা করতে হবে।

(ক) রাসেলের উল্লিখিত উক্তিতে কোন দুটি ভিন্ন বিষয়ের কথা বলা হয়েছে?

(খ) রাসেল কীভাবে বার্কলের মতের সমালোচনা করেছেন? ৮+২৪

৫। (ক) রাসেল কীভাবে পরিচিতিমূলক ও বর্ণনামূলক জ্ঞানের মধ্যে পার্থক্য করেছেন?

(খ) রাসেলের মতে পরিচিতিমূলক জ্ঞানের বিষয়গুলি কী কী? ১৬+১৬

৬। *The Problems of Philosophy* গ্রন্থের অনুসরণে আরোহনীতি বিশ্লেষণ করো। অভিজ্ঞতার দ্বারা কি এটিকে প্রমাণ করা যায়? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ২০+১২

**ইউনিট - ৩**

৭। পূর্বতসিদ্ধ জ্ঞান বলতে রাসেল কী বুঝিয়েছেন? এই প্রসঙ্গে দেখাও রাসেল কীভাবে ‘দুই আর দুই-এ চার হয়’-এই জাতীয় বচনের সঙ্গে ‘সকল মানুষ হয় মরণশীল’ জাতীয় বচনের পার্থক্য করেছেন? ৮+২৪

৮। রাসেল কীভাবে দেখিয়েছেন ‘সামান্যের জগৎ হল সত্তার জগৎ’? আলোচনা করো। ৩২

**ইউনিট - ৪**

৯। রাসেলকে অনুসরণ করে সামান্যের জ্ঞানার্জনের বিভিন্ন উপায়গুলি আলোচনা করো। ৩২

১০। “বাস্তব তথ্যের সঙ্গে আনুরূপ্য সত্যতার প্রকৃতি নির্ধারণ করে”— রাসেলের এই মতটি ব্যাখ্যা ও বিচার করো। ৩২

১১। “সত্যতা হল সঙ্গতিপূর্ণতা”— এ কথার অর্থ কী? এ সম্পর্কে রাসেলের অভিমত কী? ৮+২৪

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

### Group - C

### (Problems of Philosophy)

***Question no.* 1** is compulsory. Answer any other ***two*** questions from the ***Units***.

**1.** Answer ***any three*** questions : 12×3

(a) Distinguish between existence and subsistence.

(b) Explain Descartes’ method of systematic doubt.

(c) What does Russell mean by derivative knowledge?

(d) Is there any reason for believing in 'Uniformity of nature'? Give reasons for your answer.

(e) What are the requirements to be fulfilled by any theory regarding the nature of truth?

(f) How does Kant distinguish between thing-in-itself and phenomenon?

(g) What is meant by 'idealism'?

(h) Discuss Russell's view regarding the nature of logical propositions and pure mathematical propositions.

**Unit - 1**

**2.** "The painter wants to know what things seem to be, the practical man and philosopher want to know what they are..."— In the light of the above statement discuss Russell's view regarding appearance and reality. 32

**3.** What are the reasons given by Russell in favour of the existence of physical object over and above our sense data? How far are his reasons acceptable? 20+12

**Unit - 2**

**4.** "Taking the word 'idea' in Berkeley's sense, there are two quite distinct things to be considered whenever an idea is before mind."

(a) What are the two distinct things spoken about in the above quotation of Russell?

(b) How does Russell criticize Berkeley's view? 8+24

**5.** (a) How does Russell distinguish between knowledge by acquaintance and knowledge by description?

(b) What are the objects of knowledge by acquaintance according to Russell? 16+16

**6.** Analyse the principle of Induction following *The Problems of Philosophy*. Can it be proved by experience? Give reasons for your answer. 20+12

**Unit - 3**

**7.** What does Russell mean by a priori knowledge? In this connection show how does Russell distinguish between propositions like 'Two and two make four' and proposition like 'All man are mortal'. 8+24

**8.** How does Russell show that 'the world of universal is a world of being.'? Discuss. 32

**Unit - 4**

**9.** Discuss, after Russell, the different means of acquiring knowledge of universal. 32

**10.** Explain and examine Russell's view that correspondence with fact constitutes the nature of truth. 32

**11.** What is the meaning of 'truth consists in coherence'? What is Russell's view regarding this? 8+24

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

**Group - D**

**(Western Logic)**

***১নং প্রশ্ন*** আবশ্যিক এবং ***ইউনিটগুলি*** থেকে আরও ***দুটি*** প্রশ্নের উত্তর দাও।

১। ***যে-কোনো তিনটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ১২×৩

(ক) পরোক্ষ প্রমাণ পদ্ধতি কাকে বলে? উদাহরণ দাও।

(খ) বাধক দৃষ্টান্ত কাকে বলে? সাংকেতিক এবং মূর্ত উদাহরণ দাও।

(গ) সংজ্ঞা এবং উদাহরণ দাও ঃ

(অ) বুলীয় সত্ত্ববাক্য/বাক্যাকার

(আ) বুলীয় বচন/বচনাকার।

(ঘ) $A = \{1, 2, 3\}$ হলে, A শ্রেণির অ-শূন্য উপশ্রেণির শ্রেণিটি কী হবে?

(ঙ) উদাহরণসহ LED সূত্রটি ব্যাখ্যা করো।

(চ) দ্বিকোটিক বিভাজনের সংজ্ঞা এবং উদাহরণ দাও।

(ছ) সংজ্ঞাগুলির মূল্যায়ন করো ঃ

(অ) জ্ঞান হল আত্মার প্রদীপ

(আ) মানুষ হল একপ্রকার প্রাণী।

(জ) পরফিরি-কৃত বিধেয়ক-তালিকাটি কীরূপ? তালিকাভুক্ত বিধেয়কগুলির সংক্ষিপ্ত আলোচনা করো।

**ইউনিট - ১**

২। (ক) প্রাকল্পিক প্রমাণ পদ্ধতি কাকে বলে? একটি উদাহরণ দাও।

(খ) প্রাকল্পিক প্রমাণ পদ্ধতির সাহায্যে বৈধতা নির্ণয় করো ঃ $(E \vee F) \supset G,\ H \supset (I \cdot J),\ \therefore (E \supset G) \cdot (H \supset I)$

(গ) পরোক্ষ প্রমাণ পদ্ধতি এবং প্রাকল্পিক প্রমাণ পদ্ধতির মধ্যে কি কোনো সম্বন্ধ আছে? উদাহরণসহ লেখো।

(ঘ) পরোক্ষ প্রমাণ পদ্ধতি ব্যবহার করে বাক্যটির স্বতঃসত্যতা নির্ণয় করো ঃ

$$\sim [(\sim A \equiv \sim B) \cdot \sim (\sim A \vee B)]$$

(৪+৪)+৮+৮+৮

৩। (ক) সত্যশাখী পদ্ধতিকে কি বিরুদ্ধ অসিদ্ধি পদ্ধতি বলা যায়? উদাহরণসহ ব্যাখ্যা করো।

(খ) সত্যশাখী পদ্ধতির সাহায্যে দেখাও প্রথম বাক্যটি দ্বিতীয় বাক্যটিকে প্রতিপাদন করে কিনা ঃ

$$(A \rightarrow B) \rightarrow B,\ A$$

(গ) সত্যশাখী পদ্ধতির সাহায্যে যুক্তিগুলির বৈধতা বিচার করো ঃ

(অ) $(-A \vee B) \rightarrow C, \ \therefore C \vee -A$

(আ) মরিয়ার্টি পালিয়ে যাবে যদি না হোমস্ কোনো ব্যবস্থা নেয়। আমরা ওয়াটসনের ওপর নির্ভর করব কেবল যদি হোমস্ ব্যবস্থা না নেয়। সুতরাং যদি হোমস্ কোনো ব্যবস্থা না নেয়, মরিয়ার্টি পালিয়ে যাবে যদি না আমরা ওয়াটসনের ওপর নির্ভর করি। ৮+৮+(৮×২)

## ইউনিট - ২

৪। (ক) সত্ত্বপ্রাকল্পিক পদ্ধতিতে যুক্তিটির বৈধতা বিচার করো ঃ কলা এবং আঙুর হল ফল। ফল এবং সবজি পুষ্টিকর। সুতরাং আঙুর পুষ্টিকর।

(খ) সত্ত্বপ্রাকল্পিক পদ্ধতির সাহায্যে প্রমাণ করো যে O বচনের আবর্তন এবং I বচনের সমবিবর্তন অবৈধ।

(গ) বুলীয় সত্ত্ববাক্যের নিষেধ দ্বারা গঠিত বৈকল্পিক বাক্য কখন বৈধ হয়? উদাহরণের সাহায্যে দেখাও।

(ঘ) সত্ত্বপ্রাকল্পিক পদ্ধতিতে বাক্যটির বৈধতা বিচার করো ঃ

$(\exists x)\ (Fx\ .\ Gx) \supset (\exists x)\ [Fx\ .\ (\exists x)\ Gx]$ ৮+৮+৮+৮

৫। (ক) সেটতত্ত্বের ভাষায় বাক্যগুলির অনুবাদ করো ঃ

(অ) যীশুর শিষ্যেরা সংখ্যায় বারোজন।

(আ) আপেল, কমলালেবু এবং আম মিষ্টি ও সুস্বাদু।

(ই) কোনো কোনো দার্শনিক জড়বাদী বা ঈশ্বরবিশ্বাসী নন।

(ঈ) পেঙ্গুইনের ডানা আছে।

(খ) প্রদত্ত সূত্রটির ব্যাখ্যা দাও ঃ

$(A \subseteq \Lambda \rightarrow A = \Lambda)$

(গ) $A = \{1\}, B = \{1, \{1\}\}, C = \{1, 2\}, D = \{1, 2, \{1\}\}$ এবং $E = \{1, \{1, \{1\}\}\}$ হলে, মান নির্ণয় করো ঃ

(অ) $(C \cup D) \sim B$

(আ) $(\{1\} \cup D) \cap (E \sim C)$

(ঘ) নির্ণয় করো ঃ

(অ) $\{\Lambda\} \cap \{\Lambda\}$,

(আ) $\{\Lambda, \{\Lambda\}\} \sim \Lambda$

(ঙ) পরস্পর বিসংবাদী শ্রেণি কাকে বলে, উদাহরণসহ লেখো। ৮+৮+(৪×২)+(২×২)+৪

৬। (ক) সেট-সংক্রান্ত বাচ্যসর্বস্বতার সূত্রটি উদাহরণসহ ব্যাখ্যা করো।

(খ) সাংকেতিক সংজ্ঞা এবং উদাহরণ দাও ঃ

(অ) যথার্থ ভুক্ত শ্রেণি

(আ) ভুক্ত শ্রেণি

(গ) সংক্রামক সম্বন্ধ, বিসংক্রামক সম্বন্ধ এবং অসংক্রামক সম্বন্ধের উদাহরণ এবং সংজ্ঞা লেখো।

(ঘ) সক্রেটিস মানুষ, মানুষ অসংখ্য, সুতরাং সক্রেটিস অসংখ্য।— যুক্তিটি কি বৈধ? যুক্তিসহ উত্তর দাও। ৮+(৪×২)+৮+৮

## ইউনিট - ৩

৭। (ক) পদ কাকে বলে? উদাহরণ দাও।

(খ) উদাহরণসহ পার্থক্য লেখো ঃ

(অ) বাচক পদ এবং বাচ্য পদ

(আ) সদর্থক পদ, নঞর্থক পদ এবং হীনার্থক পদ

(ই) মূর্তপদ, বিমূর্ত পদ এবং বিশেষক পদ। ৮+(৮×৩)

৮। (ক) পদ ও শব্দের পার্থক্য ব্যাখ্যা করো।

(খ) নিম্নোক্ত পদগুলির যৌক্তিক স্বরূপ নির্ণয় করো ঃ

দেবেন্দ্রনাথের কনিষ্ঠ পুত্র, সৈন্যদল, ছাত্র, অন্ধ। ১৬+(৪×৪)

৯। বিধেয়ক কাকে বলে? অ্যারিস্টটল প্রদত্ত বিধেয়ক-তালিকা ব্যাখ্যা ও বিচার করো। ৪+২০+৮

## ইউনিট - ৪

১০। (ক) নঞর্থক লক্ষণবাক্য কাকে বলে? উদাহরণ দাও। নঞর্থক লক্ষণবাক্য কি কখনো নির্ভুল হতে পারে? যুক্তিসহ উত্তর দাও।

(খ) 'লক্ষণকরণ বিভাজনের উপর নির্ভরশীল'— এই মত কি গ্রহণযোগ্য? আলোচনা করো। (৬+৪+৬)+১৬

১১। (ক) যৌক্তিক বিভাজন কাকে বলে? অঙ্গবিভাজনের সঙ্গে এর পার্থক্য কী?

(খ) প্রদত্ত বিভাজনগুলির মূল্যায়ন করো ঃ (৮+৮)+(৪×৪)

(অ) একটি কক্ষকে, দেওয়াল, মাটি এবং ছাদে বিভাজন।

(আ) ধর্মকে হিন্দু, মুসলমান, খ্রিস্ট এবং শিখে বিভাজন।

(ই) ধাতুকে শ্বেতবর্ণ, ভারী এবং দামি ধাতুতে বিভাজন।

(ঈ) সার্বিক বচনকে সদর্থক সার্বিক এবং নঞর্থক সার্বিক বচনে বিভাজন।

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

### Group - D

### (Western Logic)

***Question no.* 1** is compulsory. Answer any other ***two*** questions from the ***Units***.

**1.** Answer ***any three*** questions : 12×3

(a) What is indirect proof? Give examples.

(b) What is counter example? Give symbolic and concrete examples.

(c) Define and exemplify :

(i) Boolean existence schema

(ii) Boolean statement schema.

(d) Let A = {1, 2, 3}, what is the set of non-empty subsets of A?

(e) Explain LED rule with example.

(f) Give definition and example of division by dichotomy.

(g) Evaluate the definitions :

(i) Knowledge is the lamp of the soul.

(ii) Man is a kind of animal.

(h) What is the list predicables done by Porphyry? Give a brief exposition of the enlisted predicables.

### Unit - 1

**2.** (a) What is conditional proof? Give one example.

(b) Determine the validity by using conditional proof :

$(E \vee F) \supset G, \; H \supset (I \cdot J), \; \therefore (E \supset G) \cdot (H \supset I)$

(c) Is there any relation between conditional proof and indirect proof? Write with examples.

(d) Use indirect proof to determine that the statement is a tautology :

$$\sim [(\sim A \equiv \sim B) \cdot \sim (\sim A \vee B)]$$ (4+4)+8+8+8

**3.** (a) Is it possible to call the truth tree method a reductio ad absurdum? Explain with examples.

(b) Show, by using truth-tree method, whether the first statement imply the second one or not :

$$(A \rightarrow B) \rightarrow B, \; A$$

(c) Determine the validity of the following arguments using truth-tree method :

(i) $(-A \vee B) \rightarrow C, \; \therefore C \vee -A$

(ii) Moriarty will escape unless Holmes acts. We shall rely on Watson only if Holmes does not act. So if Holmes does not act, Moriarty will escape unless we rely on Watson. 8+8+(8×2)

**Unit - 2**

**4.** (a) Test the validity of the following argument by the method of existential conditional :

Bananas and grapes are fruits. Fruits and vegetables are nutritious. Therefore grapes are nutritious.

(b) Show that conversion of O proposition and contraposition of I proposition are invalid by the method of existential conditional.

(c) When is an alternation of negations of Boolean existence schemata valid? Show with an example.

(d) Determine the validity of the statement by method of existential conditional :

$(\exists x)(Fx \,.\, Gx) \supset (\exists x)[Fx \,.\, (\exists x)\, Gx]$ 8+8+8+8

**5.** (a) Translate into the language of set theory :

(i) Apostles of Christ are twelve.

(ii) Apples, oranges and mangoes are sweet and delicious.

(iii) Some philosophers are not either materialists or theists.

(iv) Penguins have wings.

(b) Explain the given formula :

$(A \subseteq \Lambda \rightarrow A = \Lambda)$

(c) If $A = \{1\}$, $B = \{1, \{1\}\}$, $C = \{1, 2\}$, $D = \{1, 2, \{1\}\}$ and $E = \{1, \{1, \{1\}\}\}$, then determine the value of the following :

(i) $(C \cup D) \sim B$

(ii) $(\{1\} \cup D) \cap (E \sim C)$

(d) Find out :

(i) $\{\Lambda\} \cap \{\Lambda\}$,

(ii) $\{\Lambda, \{\Lambda\}\} \sim \Lambda$

(e) Explain, with examples, the mutually exclusive set. 8+8+(4×2)+(2×2)+4

**6.** (a) Explain with examples the principle of extensionality for sets.

(b) Give symbolic definitions and examples :

(i) Proper subset

(ii) Subset.

(c) Give definitions and examples of transitive, intransitive and non-transitive relations.

(d) 'Socrates is a men. Men are numerous, so Socrates is numerous.'— Is the argument valid? Answer with justifications. 8+(4×2)+8+8

**Please Turn Over**

**Unit - 3**

**7.** (a) What is a term? Give examples.

(b) Write down the difference between the following, using illustrations.

(i) Terms verbal and Terms of thought,

(ii) Positive term, Negative term and Privative term

(iii) Concrete term, Abstract term and Attributive term. 8+(8×3)

**8.** (a) Explain the difference between term and word.

(b) Determine the logical characteristics of the following terms :

The youngest son of Debendranath, Army, Student, Blind. 16+(4×4)

**9.** What is a predicable? Explain and evaluate the list of predicables given by Aristotle. 4+20+8

**Unit - 4**

**10.** (a) What is a negative definition? Give examples. Can negative definitions be ever correct? Answer with justifications.

(b) 'Definition depends on division'— Is this theory acceptable? Discuss. (6+4+6)+16

**11.** (a) What is logical division? What is its difference from physical division?

(b) Evaluate the given divisions : (8+8)+(4×4)

(i) To divide a room into wall, floor and ceiling

(ii) To divide religion into Hinduism, Islam, Christianity and Shikhism

(iii) To divide metals into white, heavy and precious ones

(iv) To divide universal propositions into universal affirmative and universal negative ones.

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

**Group - E**

**(Ethics)**

***১নং প্রশ্ন*** আবশ্যিক এবং ***ইউনিটগুলি*** থেকে আরও ***দুটি*** প্রশ্নের উত্তর দাও।

১। ***যে-কোনো তিনটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ১২×৩

(ক) নিয়ন্ত্রণবাদ বলতে কী বোঝো?

(খ) আত্মহত্যার বিপক্ষে দুটি যুক্তি দাও।

(গ) ব্যবহারিক নীতিবিদ্যার প্রকৃতি আলোচনা করো।

(ঘ) ঐচ্ছিক কৃপাহত্যা কাকে বলে? আলোচনা করো।

(ঙ) ধর্মের ভিত্তিতে বৈষম্য কি মানবাধিকার সম্মত? উত্তরের সমর্থনে যুক্তি দাও।

(চ) পরিবেশ নীতিবিদ্যার আলোচ্য বিষয় কী?

(ছ) নারীবাদের প্রধান বক্তব্যগুলি কী কী?

(জ) জৈনদর্শন কি আমাদের পরিবেশ সচেতনতা সম্পর্কে উদ্বুদ্ধ করে? আলোচনা করো।

### ইউনিট - ১

২। নৈতিক বিচারের স্বীকার্য সত্যগুলি উল্লেখপূর্বক ব্যাখ্যা করো। ৩২

৩। প্লেটোর নৈতিক মতবাদ ব্যাখ্যা ও বিচার করো। ২৪+৮

### ইউনিট - ২

৪। কৃপাহত্যার বিভিন্ন প্রকারগুলি আলোচনা করো। তুমি কি কৃপাহত্যা সমর্থন করো? তোমার উত্তরের সমর্থনে যুক্তি দাও। ২৪+৮

৫। পিটার সিঙ্গার অনুসরণে চরম দারিদ্র্য ব্যাখ্যা করো। তুমি কি মনে করো যে বিত্তবানরা দরিদ্রদের সাহায্য করলে জগতে দারিদ্র্যের অবসান হবে? সমতা নীতির মানদণ্ডে বিচার করো। ১২+২০

৬। সন্ত্রাসবাদ কাকে বলে? এটি কি সুস্থ সমাজের একটি অভিশাপ? সন্ত্রাসবাদের বিরুদ্ধে সুনাগরিকের কর্তব্যগুলি কী কী? আলোচনা করো। ৮+৮+১৬

### ইউনিট - ৩

৭। জাতি ও ধর্মের বিভেদের ওপর কি আদর্শ সমাজব্যবস্থা গড়ে উঠতে পারে? এর সপক্ষে ও বিপক্ষে যুক্তি দাও। ১৬+১৬

৮। নারীবাদের বিভিন্ন প্রকারগুলি কী? নারীবাদের আদর্শগুলি কি বাস্তবে রূপায়ণ করা সম্ভব? আলোচনা করো। ২৪+৮

### ইউনিট - ৪

৯। নৃকেন্দ্রিক ও অনৃকেন্দ্রিক পরিবেশ নীতিবিদ্যার মধ্যে পার্থক্য করো। এই প্রসঙ্গে গভীর বাস্তুবাদ ব্যাখ্যা করো। ১৬+১৬

১০। ভারতীয় পরিবেশ চেতনার ধারা আলোচনা করো। ভারতের প্রাচীন ধর্মগুলি কি মানুষকে পরিবেশ সংরক্ষণের উপদেশ দিয়েছে? তোমার অভিমতের সপক্ষে যুক্তি দাও। ১২+২০

১১। নির্দেশবাদ অনুযায়ী নৈতিক বচনের স্বরূপ উদ্ঘাটিত করো। পরানীতিতত্ত্ব হিসেবে নির্দেশবাদের শক্তি এবং দুর্বলতা বিচার করো। ১৬+১৬

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

### Group - E
### (Ethics)

***Question no.*** **1** is compulsory. Answer any other ***two*** questions from the ***Units***.

**1.** Answer ***any three*** questions : 12×3

(a) What do you mean by determinism?

(b) Give two arguments against suicide.

(c) Discuss the nature of Applied Ethics.

(d) What is voluntary euthanasia? Discuss.

(e) Is discrimination on the basis of religion compatible with human rights? Give reasons for your answer.

(f) What is the main subject matter of Environmental Ethics?

(g) What are the main tenets of feminism?

(h) Does Jain philosophy inspire us about environmental consciousness? Discuss.

### Unit - 1

**2.** State and explain the postulates of moral judgement. 32

**3.** Critically discuss the moral theory of Plato. 24+8

### Unit - 2

**4.** Discuss the different types of euthanasia. Do you support euthanasia? Give reasons for your answer. 24+8

**5.** Explain extreme poverty following Peter Singer. Do you think that if the rich people help the poor, then poverty in this world will come to an end? Discuss according to the principle of equality. 12+20

**6.** What is terrorism? Is it a curse for a healthy society? What are the duties of an able citizen against terrorism? Discuss. 8+8+16

### Unit - 3

**7.** Can an ideal society be based on discrimination according to caste and religion? Give reasons for and against this view. 16+16

**8.** What are various classifications of feminism? Is it possible to materialise the ideals of feminism in practice? Discuss. 24+8

**Unit - 4**

**9.** Distinguish between anthropocentric and non-anthropocentric environmental ethics. In this connection, discuss deep ecology. 16+16

**10.** Discuss the trend of environmental consciousness in India. Do the ancient Indian religions advise people regarding environmental protection? Give reasons for your answer. 12+20

**11.** Discuss the nature of moral statements according to prescriptivism. Examine the strengths and weaknesses of prescriptivism as a meta-ethical theory. 16+16

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

**Group - F**

**(Contemporary Indian Philosophy)**

***১নং প্রশ্ন*** আবশ্যিক এবং ***ইউনিটগুলি*** থেকে আরও ***দুটি*** প্রশ্নের উত্তর দাও।

১। ***যে-কোনো তিনটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ১২×৩

(ক) স্বামী বিবেকানন্দকে অনুসরণ করে প্রায়োগিক বেদান্ত সংক্ষেপে আলোচনা করো।

(খ) স্বামী বিবেকানন্দর দর্শনে 'যোগ' শব্দটির তাৎপর্য কী?

(গ) অমঙ্গলের সমস্যাটিকে রবীন্দ্রনাথ কীভাবে ব্যাখ্যা করেছেন?

(ঘ) রবীন্দ্রনাথ ঠাকুরের মানুষের উদ্‌বৃত্ত তত্ত্বটি সংক্ষেপে ব্যাখ্যা করো।

(ঙ) 'অবতরণ' ও 'বিবর্তন' বিষয়ে শ্রীঅরবিন্দের বক্তব্য সংক্ষেপে আলোচনা করো।

(চ) শ্রীঅরবিন্দের মতে 'মায়া' এবং 'লীলা' এই দুটি ধারণা সংক্ষেপে আলোচনা করো।

(ছ) মহাত্মা গান্ধি 'স্বরাজ' বলতে কী বুঝিয়েছেন? সংক্ষেপে আলোচনা করো।

(জ) মহাত্মা গান্ধির 'সত্যাগ্রহ' সংক্রান্ত প্রত্যয়টি ব্যাখ্যা করো।

**ইউনিট - ১**

২। বিবেকানন্দকে অনুসরণ করে মানুষের প্রকৃত স্বরূপ ব্যাখ্যা করো। ৩২

৩। "ধর্ম আমাদের জীবনের এক আবশ্যিক অঙ্গ"— স্বামীজির উক্তিটি আলোচনা করো। ৩২

**ইউনিট - ২**

৪। রবীন্দ্রনাথ ঠাকুরকে অনুসরণ করে 'বিশ্বমানব'-এর প্রত্যয়টি ব্যাখ্যা করো। ৩২

৫। রবীন্দ্রনাথ ঠাকুরের মানবতাবাদ আলোচনা করো। ৩২

৬। রবীন্দ্রনাথ ঠাকুরের মতে মানুষের ধর্ম কী? আলোচনা করো। ৩২

**ইউনিট - ৩**

৭। অরবিন্দ অবিদ্যা বলতে কী বুঝিয়েছেন? এই প্রসঙ্গে অবিদ্যার স্বরূপটি ব্যাখ্যা করো। ১৬+১৬

৮। শ্রীঅরবিন্দকে অনুসরণ করে অখণ্ডযোগের প্রকৃতি ব্যাখ্যা করো। কেন তিনি এই যোগকে 'অখণ্ড' বলেছেন? ২০+১২

**ইউনিট - ৪**

৯। মহাত্মা গান্ধি 'সত্যই ঈশ্বর' বলতে কী বুঝিয়েছেন? ব্যাখ্যা করো। ৩২

১০। 'অছিতন্ত্র' কী? গান্ধিজীর দর্শনে অছিতন্ত্র-র গুরুত্ব আলোচনা করো। ১২+২০

১১। গান্ধিজী কীভাবে অহিংসা প্রত্যয়টি ব্যাখ্যা করেছেন? ৩২

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

**Group - F**

**(Contemporary Indian Philosophy)**

***Question no.* 1** is compulsory. Answer any other ***two*** questions from the ***Units***.

**1.** Answer ***any three*** questions : 12×3

(a) Discuss briefly 'practical vedānta' after Swami Vivekananda.

(b) What is the significance of the word 'Yoga' in Swami Vivekananda's philosophy?

(c) How does Rabindranath Tagore address the problem of Evil?

(d) Explain, in brief, Rabindranath Tagore's concept of 'Surplus in man'.

(e) Discuss, in brief, Sri Aurobindo's view regarding 'involution' and 'evolution'.

(f) Discuss, in brief, the two concepts of 'Māyā' and 'Lilā' after Sri Aurobindo.

(g) What does Mahatma Gandhi mean by 'Swaraj'? Discuss in brief.

(h) Explain briefly Gandhiji's concept of 'Satyāgraha'.

**Unit - 1**

**2.** Explain after Vivekananda 'The real nature of man'. 32

**3.** "Religion is an essential part of our life."— Explain after Swami Vivekananda. 32

**Unit - 2**

**4.** Explain the concept of 'Universal Man' after Rabindranath Tagore. 32

**5.** Discuss Rabindranath Tagore's theory of humanism. 32

**6.** What is religion of man according to Rabindranath Tagore? Discuss. 32

**Unit - 3**

**7.** What does Aurobindo mean by 'avidyā '? Explain the nature of avidya in this context. 16+16

**8.** Explain Sri Aurobindo's concept of 'Akhaṇḍa Yoga'. Why is it called 'Akhaṇḍa'? 20+12

**Unit - 4**

**9.** What does Mahātmā Gandhi mean by 'Truth is God'? Discuss. 32

**10.** What is 'trusteeship'? Explain the importance of trusteeship in Gandhi's philosophy. 12+20

**11.** How does Gandhiji explain the concept of non-violence? 32

---